**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে গত দেড় বছরে দেশে প্রায় দশ লক্ষ সরকারি চাকরি দেওয়া হয়েছে ।**

**২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৫শে ফেব্রুয়ারি, শেষ হবে ১৮ই মার্চ, দ্বাদশ মানের পরীক্ষা শুরু হবে ২৪শে ফেব্রুয়ারি, শেষ হবে ২২শে মার্চ ।**

**৩) ২০২৫ সালের মহা কুম্ভ মেলার তীর্থ যাত্রীদের সুবিধার্থে, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কামাখ্যা এবং নাহরলগুন স্টেশন থেকে টুন্ডলা স্টেশনের মধ্যে দুই জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।**

**৪) বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় অরুণাচল প্রদেশের বিরুদ্ধে ত্রিপুরা এক ইনিংস ও ১৩৫ রানের বড় ব্যবধানে জয়লাভ করেছে।**

****************************************

**Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে গত দেড় বছরে দেশে প্রায় দশ লক্ষ সরকারি চাকরি দেওয়া হয়েছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন নিয়োগপ্রাপ্তদের ৭১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন যে রোজগার মেলা যুবকদের ক্ষমতায়ন করছে এবং তাদের

সম্ভাবনাকে উন্মোচিত করছে। তিনি বলেন, দেশের তরুণদের সম্ভাবনা ও মেধার পূর্ণ ব্যবহার সরকারের অগ্রাধিকার। তিনি জোর দিয়ে বলেন যে এই সরকারের নীতি ও সিদ্ধান্তের কারণে গ্রামীণ ভারতে কর্মসংস্থান এবং স্ব-কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি হচ্ছে। তিনি বলেন, সরকার মাতৃভাষায় শিক্ষা ও পরীক্ষার অনুমতি দিয়ে এবং ১৩টি ভাষায় নিয়োগ পরীক্ষা প্রদান করে গ্রামীণ যুবক ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ভাষার প্রতিবন্ধকতা দূর করেছে। তিনি বলেন যে ভারত ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত দেশ হয়ে উঠতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন যে একটি দেশের উন্নয়ন তার যুবকদের কঠোর পরিশ্রম, সক্ষমতা এবং নেতৃত্বের উপর নির্ভর করে।

প্রধানমন্ত্রী বলেন মেক ইন ইন্ডিয়া, আত্মনির্ভর ভারত অভিযান, স্টার্টআপ ইন্ডিয়া, স্ট্যান্ড আপ ইন্ডিয়া এবং ডিজিটাল ইন্ডিয়ার মতো  প্রতিটি প্রকল্প যুবাদের কেন্দ্রে রেখে তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, মহাকাশ ক্ষেত্রে ভারত তার নীতি পরিবর্তন করেছে। তিনি বলেন, ভারত তার প্রতিরক্ষা ক্ষেত্রের উৎপাদনকেও উন্নীত করেছে এবং দেশের যুবকরা এর থেকে সবচেয়ে বেশি উপকৃত হয়েছে। তিনি বলেন যে আজ ভারত মোবাইল উৎপাদনে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ হয়ে উঠেছে।

আজ চৌধুরী চরণ সিং-এর জন্মবার্ষিকীর কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সরকার এই বছর তাঁকে ভারতরত্ন দিয়ে সম্মানিত করতে পেরে সৌভাগ্য বোধ করছে।

তিনি বলেন, চৌধুরী চরণ সিং বিশ্বাস করতেন যে ভারতের অগ্রগতি গ্রামীণ ভারতের অগ্রগতির উপর নির্ভর করে।

#######Byte-PM#####

প্রধানমন্ত্রী বলেছেন যে সরকার প্রতিটি নাগরিককে বীমার সুবিধা প্রদানের জন্য বীমা সখী যোজনা চালু করেছে। তিনি বলেন, ড্রোন দিদি, লাখপতি দিদি এবং ব্যাঙ্ক সখী যোজনার মতো

উদ্যোগগুলিও কৃষি ও গ্রামীণ ক্ষেত্রে কর্মসংস্থান তৈরি করছে। অনুষ্ঠানে কর্মী ও প্রশিক্ষণ বিভাগের প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন যে ৭১হাজার নিয়োগের মধ্যে প্রায় ৫০ হাজার নিয়োগ করা হয়েছে আধাসামরিক বাহিনীতে। প্রায় ২১ হাজার নিয়োগপত্র বিতরণ করা হয়েছে ওবিসি সম্প্রদায় ভূক্তদের মধ্যে।

সারাদেশে ৪৫টি স্থানে আজ রোজগার মেলার আয়োজন করা হয়।

*******************************

**Rozgar Mela-Agartala :**

আগরতলায় রোজগার মেলার আয়োজন করা হয় শালবাগানস্থিত বিএসএফ - এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের প্রধান কার্যালয়ে। এখানে আজ ৫৩৪ জন চাকুরী প্রার্থীদের মধ্যে ৩১১ জন উপস্থিত ছিলেন। তাদের হাতে নিয়োগ পত্র তুলে দেন বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আই জি অশ্বিনী কুমার শর্মা, সিআর পি এফ - এর আই জি দর্শন লাল গোলা, আসাম রাইফেলস-এর কমান্ডেন্ট গোপ কুমার। অনুষ্ঠানে বিএসএফ আই জি - এ কে শর্মা বলেন, এই ধরনের রোজগার মেলা তরুনদের স্বপ্ন পুরণে এক বড় পদক্ষেপ। তিনি বলেন, এই নিয়োগপত্র বন্টন শুধু সরকারী দপ্তরে চাকরি বিলির প্রতীক নয়, ভারতের ভবিষ্যৎ শক্তির প্রতীক ও বটে।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৫শে ফেব্রুয়ারি, শেষ হবে ১৮ই মার্চ, দ্বাদশ মানের পরীক্ষা শুরু হবে ২৪শে ফেব্রুয়ারি, শেষ হবে ২২শে মার্চ। আজ আগরতলার গোর্খাবস্তিতে পর্ষদ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন পর্ষদ সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী। তিনি বলেন ২৫শে ফেব্রুয়ারি মাধ্যমিকের

প্রথম দিনে থাকছে ইংরেজি বিষয়ের পরীক্ষা। একইসঙ্গে হবে মাদ্রাসা আলিমের পরীক্ষাও। তিনি আরো বলেন ২৪শে ফেব্রুয়ারি ইংরেজি বিষয়ে পরীক্ষার মধ্য দিয়ে শুরু হচ্ছে  দ্বাদশ শ্রেণীর পরীক্ষা। একই সঙ্গে শুরু হছে মাদ্রাসা ফাজিল পরীক্ষাও।

পর্ষদ সচিব দুলাল দে জানিয়েছেন অনলাইনে মাধ্যমিক ও দ্বাদশ পরীক্ষার আবেদন পত্র পূরণ করা হবে ১০ই জানুয়ারি থেকে ৩১শে জানুয়ারি পর্যন্ত।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**Special Train for Maha Kumbh :**

গুয়াহাটির মালিগাঁও এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, উত্তর প্রদেশের প্রয়াগে ২০২৫ সালের মহা কুম্ভ মেলার তীর্থ যাত্রীদের সুবিধার্থে, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কামাখ্যা এবং নাহরলগুন স্টেশন থেকে টুন্ডলা স্টেশনের মধ্যে দুই জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এই বিশেষ ট্রেনগুলি উভয় দিকে চারটি ট্রিপে চলাচল করবে। ০৫৬১১ কামাখ্যা - টুন্ডলা বিশেষ ট্রেন কামাখ্যা ষ্টেশন থেকে আগামী ৯ ও ২৫

জানুয়ারী এবং ৮ ও ২২ ফেব্রুয়ারী, তারিখ ভোর সাড়ে ৫টায় রওনা দিয়ে পরের দিন সন্ধ্যা ৭টা ২০ মিনিটে  টুন্ডলা পৌঁছবে। ফিরতি যাত্রা হিসাবে  ০৫৬১২ টুন্ডলা – কামাখ্যা বিশেষ ট্রেন টুন্ডলা থেকে আগামী ১১ ও ২৭ জানুয়ারী, এবং ১০ ও ২৪ ফেব্রুয়ারী, তারিখ রাত ৩টায় রওনা দিয়ে পরের দিন সন্ধ্যা ৫টা ৪৫ মিনিটে কামাখ্যা পৌঁছবে।

একইভাবে, নং. ০৫৮১১ নাহরলগুন – টুন্ডলা বিশেষ  ট্রেন নাহরলগুন থেকে আগামী ৯ ও ২৫ জানুয়ারী, এবং ৮ ও ২২ ফেব্রুয়ারী, তারিখ বেলা ২টা ৩০ মিনিটে  রওনা দিয়ে যাত্রার তৃতীয় দিন সকাল সাড়ে ০৬:৩০ টায় টুন্ডলা পৌঁছবে। ফেরৎ যাত্রা হিসাবে ০৫৮১২ টুন্ডলা – নাহরলগুন বিশেষ ট্রেনটি  টুন্ডলা থেকে ১১ ও ২৭ জানুয়ারী, এবং ১০ ও ২৪ ফেব্রুয়ারী, তারিখ বেলা  ১১:টা ২০ মিনিটে রওনা দিয়ে যাত্রার তৃতীয় দিন ভোর ০৫:৫০ মিনিটে কামাখ্যা ষ্টেশনে পৌঁছবে।

*******************************

**Mahakumbh :**

উত্তরপ্রদেশের কারিগরি শিক্ষা, ভোক্তা সুরক্ষা, ওজন ও পরিমাপ দপ্তরের মন্ত্রী আশিস প্যাটেল আজ আগামী ১৩ই জানুয়ারি থেকে প্রয়াগরাজে অনুষ্ঠেয় মহাকুম্ভ মেলার বিষয়ে আগরতলায় এক অনুষ্ঠানে অংশ নেন। তিনি বলেন এই মেলাকে ভারতের সাংস্কৃতিক ঐক্যের একটি বৈশ্বিক প্রতীকে পরিণত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অনুপ্রেরণা ও নির্দেশনায় এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের নেতৃত্বে তীর্থযাত্রীদের সুবিধার জন্য একাধিক উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি সবাইকে মহাকুম্ভে অংশ নেবার আহ্বান জানিয়ে বলেন  এবারের মহাকুম্ভ মেলায় স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার দিকে বিশেষ  নজর দিয়ে  তীর্থযাত্রী ও সাধুসন্তদের ২৪ ঘন্টার জন্য ৩টি হাসপাতাল স্থাপন করা হয়েছে। মেলা এলাকায় সেনা হাসপাতাল কর্তৃক ১০ শয্যার আইসিইউ স্থাপন করা হয়েছে। তিনি বলেন সবুজ প্রকৃতির উপর জোর দিয়ে

এবছরের মেলা হবে স্বচ্ছ, স্বাস্থ্যকর, নিরাপদ এবং ডিজিটাল মহাকুম্ভ। মেলায় আগত ব্যক্তি গণনা করার জন্য তিনটি প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহার করা হবে।

অনুষ্ঠানে উত্তরপ্রদেশের দক্ষতা উন্নয়ন মন্ত্রী কপিল দেব আগরওয়াল বলেন এই মহাকুম্ভ সামাজিক সম্প্রীতির এক অনন্য উদাহরণ।

#######Byte-Kapil Dev Agarwal#####

অনুষ্ঠানে ত্রিপুরা পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উত্তরপ্রদেশের কারিগরি শিক্ষা দপ্তরের সচিব অন্নভি দীনেশ কুমার, উত্তরপ্রদেশের প্রশিক্ষণ ও কর্মসংস্থান দপ্তরের অধিকর্তা নেহা প্রকাশ প্রমুখ উপস্থিত ছিলেন।

**************************

**Farmer's Day :**

দেশের বৃদ্ধি ও উন্নয়নে কৃষকদের অবদানকে সম্মান জানাতে আজ সারাদেশে জাতীয় কৃষক দিবস পালিত হচ্ছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে, গ্রামীণ অর্থনীতির বিকাশে এবং দেশের কৃষি ঐতিহ্য সংরক্ষণে কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকাকে আজ স্মরণ করা হয়।

কৃষকদের গুরুত্বপূর্ণ ভূমিকার স্বীকৃতি দিয়ে, সরকার তাদের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা এবং সুস্থায়ী কৃষি প্রবৃদ্ধি নিশ্চিত করার জন্য বেশ কিছু উদ্যোগ নিয়েছে। এর মধ্যে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি, প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা এবং প্রধানমন্ত্রী কিষাণ মানধন যোজনাগুলির অধীনে, কৃষকদের আর্থিক নিরাপত্তা, ঝুঁকি হ্রাস এবং দীর্ঘমেয়াদী সামাজিক নিরাপত্তা প্রদান করা হয়। দেশে এবছর ৩৩২.২ মিলিয়ন টন রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপাদন হয়েছে, যা আগের বছরের ৩২৯.৭ মিলিয়ন টন উৎপাদনকে ছাড়িয়ে গেছে।

***************************

**Sushanta Chowdhury :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ সচিবালয়ে রাজ্য সড়ক নিরাপত্তা পরিষদের পঞ্চদশ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের সচিব চন্দ্র কুমার জমাতিয়া, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্তে সহ আরক্ষা দপ্তর ও ট্রাফিক পুলিশের উচ্চপদস্থ অধিকারিকরা। বৈঠকে রাজ্যে সড়ক দুর্ঘটনা রোধে এবং সড়ক দুর্ঘটনায় প্রাণহানি যাতে কম হয় তা নিশ্চিত করার জন্য বিভিন্ন প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া সড়ক দুর্ঘটনা রোধে আইন ও সুপারিশ কার্যকর করার জন্য বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন সড়ক দুর্ঘটনা রোধে প্রশাসনের পাশাপাশি মানুষকেও সচেতন হতে হবে।

**************************

**Workshop on Good Governance :**

"চতুর্থ সুশাসন সপ্তাহ পালন উপলক্ষ্যে "প্রশাসন গাঁও কি অউর এই ভাবনায় আজ এক কর্মশালা কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জেলার প্রাক্তন জেলাশাসক ডিংলিয়ানা দারলং। তিনি বলেন, সু-শাসন হ'লো প্রগতি ও জনকল্যাণের লক্ষ্যে এক প্রক্রিয়া। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির, অতিরিক্ত জেলা শাসক এল,দারলং ও অর্ঘ্য সাহা প্রমুখ। এখানে ই-অফিস এবং সংশ্লিষ্ট বিষয় নিয়ে তথ্যচিত্র উপস্থাপিত হয়।

****************************

**Vijay Merchant Trophy :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় অরুণাচল প্রদেশের বিরুদ্ধে ত্রিপুরা এক ইনিংস ও ১৩৫ রানের বড় ব্যবধানে জয়লাভ করেছে। কটকে অনুষ্ঠিত খেলার দ্বিতীয় দিনে আজ ৮ উইকেটে ২৫৪ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল ২৬২ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। ২০৯ রানে পিছিয়ে থেকে অরুণাচল প্রদেশ দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৭৪ রান করে। এর আগে অরুণাচল প্রদেশ প্রথম ইনিংসে ৫৩ রান করেছিল।

************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে মাঝারি পর্যায়ে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন বারো ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

************************